



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৭৭

তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

ভারতের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় মানবাধিকার সংস্থাসমূহের আঞ্চলিক ফোরাম- এশিয়া প্যাসিফিক ফোরামের ২৮তম বার্ষিক সম্মেলন উদ্বোধন

এশিয়া প্যাসিফিক ফোরামের ২৮তম বার্ষিক সম্মেলনে যোগ দিয়েছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ এবং সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা। ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ভারতের নিউদিল্লীতে অবস্থিত বিজ্ঞান ভবনে এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। ভারতের মহামান্য রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু উক্ত সম্মেলনের উদ্বোধনী ঘোষণা করেন। সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান বিচারপতি অরুন মিশরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতীয় মানবাধিকার সংস্থাসমূহের আন্তর্জাতিক ফোরাম-গ্লোবাল এ্যালায়েন্স অব ন্যাশনাল হিউম্যান রাইটস ইন্সটিটিউশনস (গানরি) এর সচিব মিজ আমিনা বুয়াখ, এশিয়া প্যাসিফিক ফোরামের চেয়ারপার্সন দু হুয়াং সংসহ বিভিন্ন মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ।

এবারের সম্মেলনে আলোচনা মূল বিষয় হল- মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্রের ৭৫ বছর এবং জাতীয় মানবাধিকার কমিশনসমূহের আন্তর্জাতিক নীতি প্যারিস প্রিন্সিপ্যালের ৩০ বছর পূর্তিতে বিশ্বজুড়ে মানবাধিকার সংস্কৃতির বিকাশ বা অগ্রগতি মূল্যায়ন, জাতীয় মানবাধিকার সংস্থাসমূহের আন্তর্জাতিক স্বীকৃতি বা স্ট্যাটাস পর্যবেক্ষণ, জলবায়ু পরিবর্তনের প্রভাবে মানবাধিকার লঙ্ঘনের পরিস্থিতি, নাগরিক সমাজের সাথে মানবাধিকার কমিশনসমূহের পার্টনারশিপ। জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ-এর চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ সেখানে তাঁর বক্তব্যে বাংলাদেশের মানবাধিকার কর্মীদের সাথে কমিশনের পার্টনারশিপের বিষয়ে অবহিত করেন এবং মানবাধিকার কর্মীদের সহায়তার বিষয়ে গুরুত্বারোপ করেন। পাশাপাশি, জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের মানুষের মানবাধিকার লঙ্ঘনের বিভিন্ন দিক তুলে ধরেন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।